মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

নথি নং -বিঅ-৬/৬৩৬০/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.৯৮০১

তারিখ: ১৭-০৪-২০২২

বিষয়: তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ০৩-০৪-২০২২ তারিখের আবেদন (আইডি- (১৪৪৩৪)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যশোর জেলার অভয়নগর উপজেলাধীন কোদলা মাধ্যমিক বিদ্যালয়ের দাখিলকৃত ম্যানেজিং কমিটি গঠনের অনিয়মের বিরুদ্ধে জনাব বাবুল শেখ ও প্রশান্ত বিশ্বাস গং একটি অভিযোগ দাখিল করেছেন। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন অতিসত্বর নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে আপনাকে অনুরোধ করা হলো।

১৭-০৪-২০২২
(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
02477762705

উপজেলা নির্বাহী অফিসার
অভয়নগর, যশোর।

সংযুক্তি: অভিযোগের ছায়ালিপি

নথি নং-বিঅ-৬/৬৩৬০/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.৯৮০১ (৬)

তারিখ: ১৭-০৪-২০২২

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। জেলা প্রশাসক, যশোর।
২। জেলা শিক্ষা অফিসার, যশোর।
৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, অভয়নগর, যশোর।
৪। প্রধান শিক্ষক, কোদলা মাধ্যমিক বিদ্যালয়, শ্রীধরপুর, অভয়নগর, যশোর।
৫। অভিযোগকারী, জনাব প্রশান্ত বিশ্বাস গং (০১৯৩৭-৭৫৭০৩৮), অভয়নগর, যশোর।
৬। অফিস নথি।

১৭-০৪-২০২২
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
02477762705

তারিখঃ ৩০/০৩/২০২২ইং

বরাবর
বিদ্যালয় পরিদর্শক মহোদয়,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
যশোর।

**বিষয়ঃ কোদলা মাধ্যমিক বিদ্যালয়ে সমঝোতার ভিত্তিতে গঠিত ম্যানেজিং কমিটি বাতিল করার আবেদন।**

জনাব,

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক নিবেদন এই যে, আমরা নিম্ন স্বাক্ষরকারী অভিভাবকগণ এই মর্মে অভিযোগ দাখিল করছি যে, আপনার বোর্ডের আওতাধীন অভয়নগর উপজেলার কোদলা মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি নির্বাচন-২০২২ ইতোমধ্যে সমঝোতার ভিত্তিতে গঠিত হয়েছে। বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক দীপংকর মহলদার গোপনীয় ষড়যন্ত্রের মাধ্যমে ব্যক্তিস্বার্থ হাসিলের উদ্দেশ্যে নির্বাচন না দিয়ে সমঝোতার কথা বলে অভিভাবকদের অবমূল্যায়ন করে ৫ সদস্যের মধ্যে একটি পক্ষকে ৩ জন এবং তার পছন্দনীয় পক্ষকে ২ জন অভিভাবক সদস্যপদ বন্টন করে দেন এবং মনোনয়নপত্র বিক্রি বন্ধ রাখেন। পরে গোপনীয় ভাবে শিক্ষক প্রতিনিধিদের এক জোট করে পুরবী রানী মন্ডল, প্রদীপ তহবিলদার ও আজিজুর রহমানকে শিক্ষক প্রতিনিধি সদস্য মনোনিত করে অভিভাবক গ্রুপের ২ সদস্যদের পক্ষ নিয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে উপস্থিত হয়ে পছন্দনীয় ব্যক্তিকে সভাপতি মনোনিত করেন। যা সম্পূর্ণ বে-আইনী ভাবে করা হয়েছে বলে আমরা মনে করি। বিদ্যালয়ের শিক্ষকগণ এ ধরনের কর্মকান্ড গ্রহন করায় আমরা অভিভাবক মহল ক্ষোভ প্রকাশ করে উক্ত কমিটি বাতিলের জোর দাবি জানাচ্ছি।

অতএব মহোদয় সমীপে আরজ, সরজমিনে বিষয়টি তদন্ত পূর্বক অবৈধভাবে গঠিত কমিটি বাতিলের প্রয়োজনীয় ব্যবস্থা এবং পুনঃনির্বাচন গ্রহণে জনাবের বিশেষ মর্জি হয়।

বিনীত নিবেদক

**অভিভাবক সদস্যবৃন্দঃ**

| ক্রঃ নং | নাম | ভোটার নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | বাবুল শেখ | ৮৬ | বাবুল শেখ |
| ২. | রবিউল ইসলাম | ৩৪ | মো: রবিউল |
| ৩. | কার্তিক সমাজপতি | ৬০ | কার্তিক |
| ৪. | স্বাগতম বিশ্বাস | ৫১ | স্বাগতম বিশ্বাস |
| ৫. | আনন্দ বিশ্বাস | ০৬ | আনন্দ বিশ্বাস |
| ৬. | মো: জাকির হোসেন | ১১৯ | জাকির |
| ৭. | [illegible] | ৭৬ | [illegible] |
| ৮. | মোঃ রাশেদ শেখ | ৩২ | রাশেদ |
| ৯. | মোঃ রবিউল ইসলাম | ১৭ | রবিউল |
| ১০. | শুকুর আলী বিশ্বাস | ১০৩ | শুকুর |
| ১১. | মোঃ রবিউল বিশ্বাস | ৮৩ | মো: রবিউল ইসলাম |

চলমান পাতা